

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
www.a2i.gov.bd

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.৩১.০০১.২৫ ৫৪


তারিখ: ০৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত সাইটসমূহের সাইবার নিরাপত্তা ও প্রোফাইল আপডেট।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় তথ্য বাতায়নের ফ্রেমওয়ার্কভুক্ত প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ ও পাসওয়ার্ড ব্যবস্থাপনায় স্ব-স্ব প্রতিষ্ঠান দায়িত্ব পালন করে থাকে। জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত ওয়েবসাইট হালনাগাদকরণের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যবহারকারীগণের অসতর্কতাসহ নানাবিধ কারণে ওয়েব এডমিন (Web admin) পাসওয়ার্ড ও আইডি হ্যাকিং সংক্রান্ত ঘটনার উদ্ভব হওয়ার আশংকা রয়েছে। উল্লেখ্য, ওয়েবসাইটসমূহের কাঠামো তৈরি, দক্ষতা উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের বিষয়টি এটুআই এর ব্যবস্থাপনায় সম্পাদিত হলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ইউজার আইডি ও পাসওয়ার্ডের নিরাপত্তা, কন্টেন্ট হালনাগাদ ও আপলোডের দায়িত্ব উক্ত প্রতিষ্ঠানের সাইট এডমিনের উপর ন্যস্ত।

২। বর্গিতাবস্থায়, ওয়েবসাইটসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে জরুরিভিত্তিতে সকল সাইট এডমিনদের স্ট্রং পাসওয়ার্ড (অবশ্যই Alpha-numeric) ব্যবহার এবং নিদিষ্ট সময় অন্তর (অন্তত মাসে একবার) পাসওয়ার্ড পরিবর্তন করা বাঞ্ছনীয়। জাতীয় তথ্য বাতায়নের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকরণ ও হ্যাকিং এর মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে উপর্যুক্ত বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। এ বিষয়ে প্রয়োজনে +৮৮০ ১৫৫০ ৭০ ৩০ ৮১ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

- ১। বিভাগীয় কমিশনার... (সকল);
- ২। জেলা প্রশাসক... (সকল);
- ৩। উপজেলা নির্বাহী অফিসার...(সকল);
- ৪। বিভাগীয় ও জেলা পর্যায়ের সংশ্লিষ্ট কার্যালয়।


তারিখ: ২৩.০১.২৫
মোঃ মামুনুর রশীদ ভূঞা
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৫৫০০৬৯৩১
ইমেইলঃ pd@a2i.gov.bd

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.৩১.০০১.২৫

তারিখ: ০৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়;
- ২। সিনিয়র সচিব/সচিব(সকল), বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। যুগ্ম প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম;
- ৫। হেড অফ প্রজেক্ট ম্যানেজমেন্ট, এটুআই প্রোগ্রাম।